

১৪ বিশ্ববিদ্যালয়ের ক্ষতি প্রায় ৩২ কোটি টাকা

কোটা সংস্কার আন্দোলনে সহিংসতা

এম এইচ রবিন

৩০ জুলাই ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদেশময়



সরকারি চাকরিতে কোটা সংস্কারের আন্দোলনের সহিংসতায় দেশের ১৪ বিশ্ববিদ্যালয়ে আর্থিক মূল্যে ক্ষতির পরিমাণ প্রায় ৩২ কোটি টাকা। এর মধ্যে সরকারি ১১ বিশ্ববিদ্যালয়ে প্রায় ২৯ কোটি এবং বেসরকারি তিন বিশ্ববিদ্যালয়ে ৩ কোটি টাকা। তবে এখনো সব বিশ্ববিদ্যালয়ের ক্ষতির পরিমাণ নিরূপণ করার কাজ শেষ হয়নি।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডুরি কমিশনের (ইউজিসি) দেওয়া বিশ্ববিদ্যালয়গুলোর তথ্যে গতকাল রবিবার পর্যন্ত ক্ষতির এ চিত্র পাওয়া গেছে। ইউজিসির তথ্য অনুযায়ী, দেশে সরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ৫৫টি এবং বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ১১৪টি।

ইউজিসি জানিয়েছে, মোট ক্ষতির পরিমাণ নিরূপণে দেশের বিশ্ববিদ্যালয়গুলোর কাছ থেকে ক্ষতির বিবরণ চাওয়া হয়েছে। কিছু বিশ্ববিদ্যালয় তথ্য দিয়েছে। এখনো অনেক বিশ্ববিদ্যালয় তাদের ক্ষতির পরিমাণ চূড়ান্ত করতে পারেনি।

বিশ্ববিদ্যালয়গুলো ক্ষতিপূরণ প্রসঙ্গে ইউজিসির সচিব ফেরদৌস জামান আমাদের সময়কে বলেন, বিশ্ববিদ্যালয়গুলো তাদের ক্ষতির পরিমাণ এবং তথ্য জানিয়ে বাজেট বরাদ্দ চেয়েছে। সে অনুযায়ী তালিকা শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হবে।

ইউজিসিতে দেওয়া তথ্যানুযায়ী, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) সবচেয়ে বেশি ক্ষতির আর্থিক মূল্যে প্রায় ১৫ কোটি টাকা। এ বিশ্ববিদ্যালয়ের ১০টি হলের ২২৬টি কক্ষের আসবাবপত্র ও বৈদ্যুতিক সরঞ্জাম, ভিসি ভবনের ২টি গেট, ৩টি এসি, জানালার গ্লাস, প্রশাসনিক ভবনসহ অন্য কয়েকটি ভবনের ৫৬টি সিসি ক্যামেরা, জানালার গ্লাস, ২টি ফিল্ডারপ্রিন্ট মেশিন, ৮টি গাড়ি ভাঙ্গুর হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ক্ষতির পরিমাণ ৪ কোটি ৯২ লাখ ৯৫ হাজার টাকা। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলে শিক্ষার্থীদের কক্ষ, প্রশাসনিক ভবনগুলোর দরজা-জানালা, গেট, বৈদ্যুতিক পাখা, সুইচ বোর্ডসহ বেশ কিছু কক্ষে অগ্নিসংযোগ করা হয়েছে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ক্ষতির পরিমাণ ৪ কোটি ৪ লাখ ৫ হাজার ৫০০ টাকা। বিশ্ববিদ্যালয়ের ১০টি হল এবং সৈয়দ নজরুল ইসলাম প্রশাসন ভবনের আসবাবপত্র ও বৈদ্যুতিক সরঞ্জামের ক্ষতি হয়েছে।

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) আর্থিক ক্ষতি ৫৬ লাখ টাকা; বাংলাদেশ উন্নত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) ৫৪ লাখ টাকা; দিনাজপুরের হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২ লাখ টাকা; চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ১০ হাজার টাকা; রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) ৩ কোটি ১৯ লাখ ৬৬০ টাকা; বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) ৫০ লাখ টাকা; ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের (ইআবি) ৫০ হাজার টাকা; খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ের (খুকুবি) ৫০ হাজার টাকার আর্থিক ক্ষতি হয়েছে বলে জানানো হয়েছে।

তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ক্ষতি ৩ কোটি : বেসরকারি বিশ্ববিদ্যালয় কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ জানিয়েছে, তাদের ক্ষতির পরিমাণ ৩ কোটি টাকা। চট্টগ্রামের আন্তর্জাতিক ইসলামী ইউনিভার্সিটি ২ লাখ এবং বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজি ১ লাখ টাকা ক্ষতির কথা জানিয়েছে।